



P-83
৩০/০৬/২০২০
০৪/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
(প্রশাসন ও অর্থ শাখা)
পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২।

নং-২২.০৬.০০০০.১১২.১৬.০১১.১৮- ২৬৪(৩)

তারিখঃ ৩০/০৬/২০২০খ্রি:

প্রেরক: শূভাশীষ সাহা
সচিব
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট

প্রাপক: মোঃ আখতারুজ্জামান
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট

নির্দেশিত হয়ে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭' অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরে শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার হিসেবে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের নিম্নে উল্লিখিত কর্মচারীদের তাঁদের নামের পাশে বর্ণিত অর্থ সম্মানীভাভা হিসেবে প্রদানের জন্য ব্যয়ের মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

ক্র: নং	কর্মকর্তা/কর্মচারীগণের নাম ও পদবী	জঞ্জুরীকৃত টাকার পরিমাণ (১ মাসের মূল বেতন)
১	মিজ শাকিলা ইয়াসমিন, সহকারী পরিচালক (উন্নয়ন)	৩৭,০৩০/-
১	জনাব লিটন কুমার শীল, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১৩,৭৮০/-

- ২.০ এই ব্যয়ের অর্থ ২০১৯-২০২০ অর্থ বছরের বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের বাজেটের ৪৮৮৩ নং কোডে সম্মানী ভাতার খাত হতে ব্যয় নির্বাহ করা হবে।
- ৩.০ অর্থ মন্ত্রণালয়ের ২৯/০৮/২০০৭ তারিখের অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০১/২০০৭/১৪১ সংখ্যক প্রদত্ত আর্থিক ক্ষমতা অর্পণ/পুন: অর্পণ মোতাবেক এই আদেশ জারী করা হলো।
- ৪.০ এই মঞ্জুরী আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

শুভাশীষ সাহা
সচিব
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
ফোনঃ ৯৮৯০৯০৩

নং-২২.০৬.০০০০.১১২.১৬.০১১.১৮- ২৬৪(৩)

তারিখঃ ৩০/০৬/২০২০খ্রি:

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মিজ শাকিলা ইয়াসমিন, সহকারী পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
- ৩। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
- ৪। জনাব লিটন কুমার শীল, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।

শুভাশীষ সাহা
সচিব
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
ফোনঃ ৯৮৯০৯০৩

মোঃ আখতারুজ্জামান
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

-২৩৭-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশে, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
(প্রশাসন ও অর্থ শাখা)
পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২।

বিষয়: 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭' অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে পুরস্কার প্রদানের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।


'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭' অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে পুরস্কার প্রদানের জন্য গঠিত কমিটির সভা ৩০/০৬/২০২০ তারিখে অত্র ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ও কমিটির সভাপতি জনাব মাসুদ আহমদ এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সদস্য সচিব বলেন যে, মন্ত্রীপরিষদ কর্তৃক প্রণীত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭' অনুযায়ী শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে পুরস্কার প্রদান করা যাবে। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭' অনুযায়ী মন্ত্রণালয় বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থার কর্মচারীদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.৪ মোতাবেক দুইজনকে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের জন্য দপ্তর/সংস্থা প্রধানের নেতৃত্বে গঠিত বাছাই-কমিটি নির্বাচন করবে। অনুচ্ছেদ ৩.৪ মোতাবেক মন্ত্রণালয় বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থার গ্রেড-১ হতে-গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারীকে পুরস্কার প্রদান করা যাবে। কমিটির নীতিমালায় বর্ণিত ১৯টি সূচক এর ভিত্তিতে পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করবে। পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ১৮টি সূচকে ৯০ নম্বর এবং মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রমে ১০ নম্বরসহ মোট ১০০ নম্বর বিবেচনা করবে। সভায় নীতিমালার অনুচ্ছেদ ৫ এ বর্ণিত পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ এবং মূল্যায়ন সূচক অনুযায়ী গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারীকে পুরস্কার প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় সরবরাহকৃত মূল্যায়ন শীটে কমিটির সদস্যগণ নম্বর বন্টন করেন। অতপর মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মচারীদের পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয়:

সুপারিশ/সিদ্ধান্তঃ

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে কমিটি কর্তৃক মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত মিঞ্জ শাকিলা ইয়াসমিন, সহকারী পরিচালক (উন্নয়ন) এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীদের মধ্যে জনাব লিটন কুমার শীল, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর কে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো।

৩। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার ঘোষণা করেন।


(মাসুদ আহমদ) ৩০/০৬/২০২০
ব্যবস্থাপনা পরিচালক

ও
আস্থায়ক
পুরস্কার প্রদান বিষয়ক গঠিত কমিটি